



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd




নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১০.১৫(অনলাইন)/ ২৬ (৩২)

তারিখ: ২০/০৪/২০২১-বঙ্গাব্দ
২৫/০৭/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের (অধ্যক্ষ/উপাধ্যক্ষ) জন্য ৩য় 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' শীর্ষক অনলাইন প্রশিক্ষণ কোর্সে আমন্ত্রণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৩ শ্রাবণ-০২ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ/২৮ জুলাই-১৭ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত কলেজ পর্যায়ের প্রতিষ্ঠান প্রধানগণের জন্য ৩য় অনলাইন শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কোর্স জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) থেকে অন-লাইনে (Zoom) অনুষ্ঠিত হবে। মোবাইল/টেলিফোনে যোগাযোগের মাধ্যমে আপনার সম্মতিতে এ কোর্সে অংশগ্রহণের জন্য আপনাকে মনোনয়ন দেওয়া হলো। নিম্নলিখিত শর্তাবলি প্রতিপালনে যত্নবান হতে আপনাকে অনুরোধ করা হলো:

১. সরকারি বিধি মোতাবেক অংশগ্রহণকারীগণ প্রত্যেকে ৩০০.০০ (তিনশত) টাকা হারে দৈনিক ভাতা ও ইন্টারনেট খরচ বাবদ এককালীন ৪০০.০০ (চারশত) টাকা প্রদান করা হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক একাউন্টে প্রেরণ করা হবে। সে জন্য, ব্যাংক সংক্রান্ত সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করতে হবে।
২. যাঁদের বয়স ৫৭ বৎসর অতিক্রম করেছে তাঁদের এ প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই।
৩. মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ গুরুত্ব দিন থেকে প্রশিক্ষণে অনলাইনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করবেন। কারণ প্রত্যেক অধিবেশনে প্রশিক্ষণার্থীগণকে মূল্যায়ন করা হবে।
৪. জুম এ্যাপ (Zoom App) এর মাধ্যমে নায়েম থেকে প্রশিক্ষণ অধিবেশন পরিচালনা করা হবে। এ জন্য প্রশিক্ষণার্থীকে মোবাইল বা ল্যাপটপে জুম এ্যাপ (Zoom App) ডাইনলোড করতে হবে এবং প্রশিক্ষণ অধিবেশন চলাকালে সার্বক্ষণিক ভিডিও অন রাখতে হবে। জরুরী প্রয়োজনে সর্বোচ্চ ১০ মিনিট ভিডিও অফ রাখা যাবে।
৫. মনোনীত সকল প্রশিক্ষণার্থীকে email account ও messenger খুলতে হবে এবং আগামী ২৫ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে তার প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্য জানতে কোর্স সমন্বয়ক জনাব মো: আয়েত আলী, সহকারী পরিচালক এবং জনাব মো: শামীম মাহবুব, প্রশিক্ষণ বিশেষজ্ঞ এর মোবাইল নম্বর যথাক্রমে ০১৭১২০৯৯০২৩ ও ০১৭৯০২৪৮৯৯০-এ যোগাযোগ করা যেতে পারে।
৬. আমন্ত্রণ পত্র ও প্রশিক্ষণার্থীর তালিকা নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এ পাওয়া যাবে।


২৬/৭/২০২১
(প্রফেসর তাহসিনা আক্তার)
পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম


প্রাপক : -----

নং: ৩৭.০৪.২৬৬৩.২০০.৩১.০১০.১৫(অনলাইন)/ ২৬ (৩২)/৭

তারিখ: ২০/০৪/২০২১-বঙ্গাব্দ
২৫/০৭/২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ;
২. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা ;
৩.
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা ;
৫. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (প্রশিক্ষণার্থীর তালিকা ও আমন্ত্রণ পত্রটি নায়েম ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো) ;
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
৭. অফিস নথি।


(প্রফেসর নাসরিন সুলতানা)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ, নায়েম
ও
কোর্স পরিচালক